

# আমাদের সময়

25-Mar-18 Page:11 Size:4 col\*inch



ঢাকার ১১টি কলেজের অংশগ্রহণের মধ্য দিয়ে শেষ হলো দুই দিনব্যাপী রোবটিক্স প্রতিযোগিতা। প্রতিযোগিতায় প্রথম হয়েছে নটর ডেম কলেজ। আজ ঢাকার ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) নতুন ক্যাম্পাসে এই রোবটিক্স প্রতিযোগিতার আয়োজন করা হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বাংলাদেশের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার এবং সভাপতি হিসেবে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান কাজী আমিনুল ইসলাম উপস্থিত ছিলেন।